



বিজ্ঞানমননক্ জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nmst.gov.bd



নম্বর: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২২.১১৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতের আওতায় নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১.	গাড়ীচালক	১	১৮-৩২	৯,৩০০-২২,৪৯০/ - (গ্রেড-১৬)	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার, বাস, ট্রাক ইত্যাদি চালানোর ক্ষেত্রে অন্যান্য ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উক্তরূপ গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।	সকল জেলা

আবেদনের শর্তাবলী:

- ১। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ ২৬/১২/২০২৪ খ্রি.
- ২। আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২৬/১২/২০২৪ খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৩। সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফর্মের নমুনা এ অফিসের Website: www.nmst.gov.bd থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের Website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ৪। আবেদন পত্রের খামের উপরের ডানপাশে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ ইঞ্চি x ৪ ইঞ্চি পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে।
- ৫। প্রার্থীর বয়সসীমা ২৬/১২/২০২৪ খ্রি. তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৬। নিয়োগ বিষয়ে সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।
- ৭। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
- ৮। সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ৯। আবেদনপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- ১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি প্রদান করতে হবে। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬-১১-২০২৪

মো: ওয়াহিদুল ইসলাম  
পরিচালক

নম্বর: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২২.১১৬/১ (৮)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ (দুই) দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

৭। বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Star, ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ (দুই) দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

৮। অফিস কপি।



*মোঃ আজিজুল ইসলাম*

২৬-১১-২০২৪

মোঃ আজিজুল ইসলাম

প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)